

(2)

Ex./BANGLA/UG/6.3/75/2018

৩. মানিক বন্দ্যোপাধ্যায়ের 'যাকে ঘুষ দিতে হয়' গল্পের গোড়ায় এবং শেষে যথাক্রমে 'আসতে' এবং 'জোরসে' শব্দদুটির প্রয়োগ তীব্র করে তুলেছে এ গল্পের অভিঘাত। – এই মন্তব্যের সঙ্গে তুমি একমত হবে কিনা যুক্তিসহ লেখো। ১০

অথবা

৪. বিভূতিভূষণের 'পুঁইমাচা' গল্পে শেষ পর্যন্ত তুচ্ছ একটি পুঁইমাচা কীভাবে হয়ে উঠল এক নিষ্ক্রান্ত চরিত্রের চিহ্ন, হয়ে উঠল তাকে স্মরণের মাধ্যম -- তোমার পড়া গল্পটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

পর্ব খ

৫. 'চাচা কাহিনী'তে বৈঠকী গল্পরীতি অনুসৃত হয়েছে কি? তোমার অভিমত বিশদভাবে জানাও। ১০

অথবা

৬. তৎকালীন জার্মানির রাজনৈতিক পরিস্থিতি "চাচা কাহিনী"র গল্পগুলিতে কীভাবে ধরা পড়েছে? ১০

৭. নারায়ণ গঙ্গোপাধ্যায় সুনন্দ এই নামের আড়াল নিলেন কেন? তোমার অভিমত জানাও। ১০

অথবা

৮. পঠিত জার্নাল অবলম্বনে 'সুনন্দ'র সমাজদৃষ্টির বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৮

(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেস্টার)

বাংলা

বিশ শতকের বাংলা গল্প ও অন্যান্য গদ্য

কোর্স ইউ.জি - ৬.৩

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

পর্ব ক

১. পরশুরামের অনুসরণে ভূশঙ্কীর মাঠের ভৌগোলিক অবস্থানটি নির্দেশ করো। গল্পের যাবতীয় ঘটনা ঐ মাঠে ঘটেছে বলেই কি গল্পের ওইরকম নামকরণ? যুক্তিসহ এ বিষয়ে তোমার মত জানাও। ২+৮=১০

অথবা

২. 'শুধু কেরানী' গল্পের সূচনা ও সমাপ্তি বাক্যে যথাক্রমে 'নীড় বাঁধবার সময়' ও 'নীড়ভাঙার মহোৎসব' -- এর উল্লেখ এবং গল্পের নামকরণে 'কেরানী' শব্দের আগে 'শুধু' বিশেষণের প্রয়োগ তোমার গল্পপাঠে কোনো বিশেষ মাত্রা যোগ করে কি? আলোচনা করে বুঝিয়ে দাও। ১০